# খামেনির রাষ্ট্রীয় জানাজায় অংশ নিতে তেহরানে আসিম মুনির



পাকিস্তানের সেনাপ্রধান আসিম মুনির। ছবি: সংগৃহীত,

পাকিস্তানের সেনাপ্রধান ফিল্ড মার্শাল আসিম মুনির ইরানের রাজধানী তেহরানে পৌঁছেছেন। ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনির রাষ্ট্রীয় জানাজায় অংশ নিতেই তার এই সফর।

শুক্রবার (৩ জুলাই) তেহরানে পৌঁছানোর পর ইরানের প্রতিরক্ষামন্ত্রী মজিদ ইবনে রেজা ও স্বরাষ্ট্রমন্ত্রী এস্কান্দর মোমেনি তাকে অভ্যর্থনা জানান। একই অনুষ্ঠানে যোগ দিতে সৌদি আরব সফর শেষ করে সরাসরি তেহরানে পৌঁছেছেন পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রী মহসিন নাকভিও।

এদিকে, পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফও একটি উচ্চপর্যায়ের প্রতিনিধিদল নিয়ে ইরান সফরে গেছেন। সফরকালে প্রতিনিধি দলের সদস্যরা রাষ্ট্রীয় জানাজা ছাড়াও অন্যান্য সরকারি কর্মসূচিতেও অংশ নেবেন।

আল-জাজিরা জানিয়েছে, বিভিন্ন দেশের উচ্চপর্যায়ের প্রতিনিধিরা খামেনির শেষ বিদায়ে অংশ নিতে তেহরানে অবস্থান করছেন।

LENS ASIA